



কোম্পানীগঞ্জের পর এবার জাফলং টার্গেট, পাথর লুটে ক্ষতিগ্রস্ত পর্যটন ও পরিবেশ



সংগৃহীত ছবি

সিলেটের কোম্পানীগঞ্জের পর এবার জাফলং পর্যটনকেন্দ্রেও শুরু হয়েছে পাথর লুট। রাতের আঁধারে ও দিনের বেলায় পাথর তুলে নেওয়া হচ্ছে, এতে প্রাকৃতিক সৌন্দর্য ও পরিবেশ হুমকিতে পড়েছে। প্রশাসনের দাবি, টহল জোরদার করা হয়েছে। সাদাপাথর লুটের ঘটনায় ইতোমধ্যে ছদক তদন্ত শুরু করেছে।

সিলেটের কোম্পানীগঞ্জের সাদাপাথর পর্যটনকেন্দ্রে পাথর লুটের পর এবার জাফলংকে টার্গেট করেছে পাথরখেকোরা। গত কয়েকদিন ধরে রাতের অন্ধকারে তারা পাথর উত্তোলন করছে, এমনকি দিনের বেলাতেও লুটের চেষ্টা অব্যাহত রয়েছে। জিরো পয়েন্ট এলাকা থেকে ইতোমধ্যে বড় বড় পাথর সরিয়ে নেওয়া হয়েছে। এর ফলে পর্যটনকেন্দ্রটির প্রাকৃতিক সৌন্দর্য নষ্ট হচ্ছে এবং পরিবেশের উপর পড়ছে মারাত্মক প্রভাব। এই পরিস্থিতিতে পর্যটকদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে।

প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, পাথর লুট ঠেকাতে এলাকায় টহল বৃদ্ধি করা হয়েছে। ইতিমধ্যে সাদাপাথর পর্যটনকেন্দ্র ব্যাপক লুটের কারণে মরুভূমির মতো চেহারা পেয়েছে। এ ঘটনায় দুর্নীতি দমন কমিশন (দুদক) তদন্তে নেমেছে। বুধবার (১৩ আগস্ট) দুপুরে দুদকের নয় সদস্যের প্রতিনিধি দল সাদাপাথর এলাকা পরিদর্শন করে এবং স্থানীয়দের কাছ থেকে তথ্য সংগ্রহ করে। পাশাপাশি পুলিশ ও প্রশাসনের কর্মকর্তারাও ঘটনাস্থল পর্যবেক্ষণ করছেন।